

ইসলামিক ফাউন্ডেশন

শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব সামীম মোহাম্মদ আফজাল
মহাপরিচালক
ইসলামিক ফাউন্ডেশন

সভার তারিখ : ০৭/০৫/২০১৭ খ্রি.

স্থান : ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষ (২য় তলা)।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর : পরিশিষ্ট ক সদয় দ্রষ্টব্য।

মন্ত্রী পরিষদ বিভাগের নির্দেশনার আলোকে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (APA), জাতীয় গুন্ডাচার কৌশল তথা নৈতিকতা (NIS), অভিযোগ নিষ্পত্তি পদ্ধতি (GRS), তথ্য প্রদান (RTI), উদ্ভাবনী দক্ষতা (INOVATION) ও নাগরিক সেবা দান (CITIZEN CHARTER) ইত্যাদি সফল বাস্তবায়ন ও অধিকতর ফলপ্রসূ করার লক্ষ্যে গত ১৪/০৩/২০১৭ তারিখে ৪৯৮৯, ০১/০২/২০১৭ তারিখে ৪০১৮ এবং ২৮/১১/২০১৬ খ্রি. তারিখে ২৪৯২ ও ২৪৯৩ সংখ্যক স্বাক্ষর অফিস আদেশ/প্রজ্ঞাপন মারফত পৃথক পৃথক ৪(চার)টি কমিটি গঠন করা হয়। কমিটি সমূহের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা ও সমন্বয় সাধনের নিমিত্ত কমিটির আহ্বায়ক ও সদস্য-সচিবসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণের এক মতবিনিময় সভা ০৭/০৫/২০১৭ খ্রি. তারিখ বিকাল ০৪.৩০ টায় ইসলামিক ফাউন্ডেশন-এর সভাকক্ষে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

২। পবিত্র কুরআন তিলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি ও মহাপরিচালক মহোদয় বর্ণিত ০৪(চার) টি কমিটির কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চান। তৎপ্রেক্ষিতে, সকল কমিটির সভাপতি ও সদস্য-সচিবগণ তাদের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। কমিটির কার্যক্রম খুবই শ্রুত গতিতে চলেছে বিধায় সভাপতি মহোদয় কমিটির প্রতি অসন্তোষ প্রকাশ করেন। সভাপতি মহোদয় বলেন, সরকারের বর্তমান পলিসিসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে আরো অধিকতর সচেতন হওয়া দরকার। তাই তিনি কমিটিসমূহ বাতিল করে তা উপ-সচিবের তত্ত্বাবধানে প্রশাসন বিভাগের মাধ্যমে উপ-পরিচালক (পার্সো)-এর ডেকে এ কাজগুলো সম্পন্ন করার সদয় নির্দেশনা প্রদান করেন। এ প্রেক্ষিতে সভায় উপস্থিত সদস্যগণের পক্ষে সেকশন অফিসার-১ সভাকে অবহিত করেন যে, কমিটিগুলো মন্ত্রণালয়ের নির্দেশক্রমে গঠিত হয়েছে বিধায় তা বাতিল করার বিষয়টি পুনর্বিবেচনার দাবী রাখে। এ বিষয়ে সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন যে, কমিটি বা যে কোন বিভাগ বা যে কোন কর্মকর্তার নিকট থেকে গঠিত ডেস্ক প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংগ্রহ করে কাজটি অনায়াসে সম্পন্ন করতে পারবে। তিনি আরও বলেন, একই ডেস্ক থেকে ইসলামিক ফাউন্ডেশন সম্পর্কে দেশী-বিদেশী সংস্থা বা বহিঃ বাংলাদেশের সাথে যোগাযোগ সংশ্লিষ্ট কার্যক্রমও সম্পাদিত হতে পারে। তৎপ্রেক্ষিতে সভায় একটি পৃথক ডেস্ক/কমিটি গঠনের উপর গুরুত্বারোপ করা হয়।

৩। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।
সিদ্ধান্ত :

৩.১। বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (APA), জাতীয় গুন্ডাচার কৌশল তথা নৈতিকতা (NIS), অভিযোগ নিষ্পত্তি পদ্ধতি (GRS), তথ্য প্রদান (RTI), উদ্ভাবনী দক্ষতা (INOVATION) ও নাগরিক সেবা দান (CITIZEN CHARTER) ইত্যাদি সফল বাস্তবায়ন ও অধিকতর ফলপ্রসূ করারসহ এসব কার্যক্রম নিম্নবর্ণিত কমিটির মাধ্যমে সম্পন্ন করতে হবে।

৩.২। বর্ণিত ডেস্ক থেকে ইসলামিক ফাউন্ডেশন সম্পর্কে দেশী-বিদেশী সংস্থা বা বহিঃ বাংলাদেশের সাথে যোগাযোগ সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৩.৩। সংশ্লিষ্ট ডেস্ক/কমিটি নিম্নরূপে গঠন করা হলো :-

১. জনাব মো: রফিক-উল ইসলাম পরিচালক, আইসিটি বিভাগ (পদাধিকারবলে)	আহ্বায়ক
২. জনাব মো: বজলুর রশিদ উপ-পরিচালক, পরিকল্পনা বিভাগ (পদাধিকারবলে)	সদস্য
৩. জনাব সৈয়দ আমিনউদ্দিন মাহমুদ উপ-পরিচালক, সমন্বয় বিভাগ (পদাধিকারবলে)	সদস্য
৪. জনাব মুহাম্মদ নিজাম উদ্দিন জনসংযোগ কর্মকর্তা (পদাধিকারবলে)	সদস্য
৫. জনাব মো: ফজলুল হক উপ-পরিচালক (পার্সো), প্রশাসন বিভাগ (পদাধিকারবলে)	সদস্য-সচিব

৪। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সামীম মোহাম্মদ আফজাল)
মহাপরিচালক
ইসলামিক ফাউন্ডেশন

বিতরণ :

১. জনাব মো: রফিক-উল ইসলাম
২. জনাব মো: বজলুর রশিদ
৩. জনাব সৈয়দ আমিনউদ্দিন মাহমুদ
৪. জনাব মুহাম্মদ নিজাম উদ্দিন
৫. জনাব মো: ফজলুল হক